বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University
বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫।

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শুদ্ধাচার কমিটির ১১তম সভার কার্যবিবরণী

০৮ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ, ২৪ অক্টোবর ২০২২ খৃস্টাব্দ ।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর শুদ্ধাচার কমিটির ১১তম সভা ২৪.১০.২০২২ তারিখ, বুধবার, সকাল ১১.০০ টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর মোস্তফা আজাদ কামাল এবং সভাপতি, শুদ্ধাচার কমিটি-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন :

( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
২। ডা. সরকার মো: নোমান,ডিন, এসএসটি, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
৩। ড. এ.এইচ. এম আনিসুর রহমান আখন্দ,পরিচালক, এসএসএস বিভাগ, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
৪। এমএস নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল), বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
৫। এমএস মেহেরীন মুনজারীন রত্না, সহযোগী অধ্যাপক, ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
৬। ড. মো: জাকিরুল ইসলাম, সহযোগী অধ্যাপক, ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

সভার শুরুতে শুদ্ধাচার কমিটির সভাপতি প্রফেসর মোস্তফা আজাদ কামাল, ট্রেজারার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচী অনুসারে সভার কাজ শুরু করার জন্য সভার সদস্য-সচিব নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল)-কে নির্দেশ প্রদান করেন। সভাপতি মহোদয়ের নির্দেশনামতে, উক্ত কমিটির সদস্য-সচিব সভার অলোচ্যসূচী অনুসারে সভার কার্যক্রম শুরু করেন।

সভার সদস্য-সচিব বাউবির শুদ্ধাচার কমিটির দু'জন সম্মানিত সদস্য এমএস মেহেরীন মুনজারীন রত্না, সহযোগী অধ্যাপক, ওপেন স্কুল এবং ড. মো: জাকিরুল ইসলাম, সহযোগী অধ্যাপক, ওপেন স্কুল- পদোন্নতি পাওয়ায় শুদ্ধাচার কমিটির পক্ষ থেকে তাঁদেরকে শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়।

**সভার আলোচনা এবং সিদ্ধান্ত :**

| ক্রম নং | আলোচনার বিষয় | আলোচনা | ভবিষ্যৎ পরিকল্পনা |
|---|---|---|---|
| ১. | বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর শুদ্ধাচার কমিটির ২২.০৮.২০২২ তারিখে অনুষ্ঠিত ১০ম সভার কার্যবিবরণী অনুসমর্থন | বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর শুদ্ধাচার কমিটির ২২.০৮.২০২২ তারিখে অনুষ্ঠিত ১০ম সভার কার্যবিবরণী অনুসমর্থন করা হলো। | |
| ২. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ (পরিমার্জিত) অবগতকরণ | ইউজিসির নির্দেশনার প্রেক্ষিতে ১৩.০৮.২০২২তারিখ প্রেরিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ পরিমার্জনের বিষয়ে সকলে একমত পোষণ করেন এবং নির্ধারিত সময়ের মধ্যে |

| ক্রম নং | আলোচনার বিষয় | আলোচনা | ভবিষ্যৎ পরিকল্পনা |
|---|---|---|---|
| | | (পরিমার্জিত) সকলকে অবগত করা হয়। | যথাযথভাবে বাস্তবায়নের আশাবাদ ব্যক্ত করেন। |
| ৩. | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন করার নিমিত্তে প্রশিক্ষণের বিভিন্ন ক্ষেত্রগুলো নির্বাচন. অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজনের বিষয়াদি নির্বাচন, কর্মপরিবেশ উন্নয়নের ক্ষেত্রসমূহ চিহ্নিত করার জন্য গঠিত কমিটির সুপারিশ অবগতকরণ; | শুদ্ধাচার কমিটির ১০ম সভার সিদ্ধান্ত ০২ মোতাবেক প্রশিক্ষণের বিভিন্ন ক্ষেত্রগুলো নির্বাচন. অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজনের বিষয়াদি নির্বাচন, কর্মপরিবেশ উন্নয়নের ক্ষেত্রসমূহ চিহ্নিত করার জন্য গঠিত কমিটির সুপারিশ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>(১) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সেবা সহজীকরণ ও চ্যালেঞ্জ মোকাবেলার জন্য সকল ডিন, পরিচালক, আঞ্চলিক পরিচালক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সমন্বয়ে আগামী ১৪.১১.২০২২ তারিখ সন্ধ্যা ৭.০০-৯.০০টায় একটি মতবিনিময় সভা আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) বাউবির মূল ক্যাম্পাসে কর্মরত পরিচ্ছন্নতাকর্মীদের জন্য আগামী ৩০.১১.২০২২ তারিখের মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত একটি প্রশিক্ষণ IQAC ও বাউবির শুদ্ধাচার কমিটির যৌথ উদ্যোগে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি করে বাউবির কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে বাউবির ইতোমধ্যে চালুকৃত পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান চলমান রাখা এবং জোরদার করার জন্য রেজিস্ট্রার দপ্তর হতে পুনরায় অফিস আদেশ প্রদানের অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৪) বাউবির অপ্রয়োজনীয় এবং পুরাতন ডকুমেন্টস ও নথি প্রশাসনিকভাবে বিনষ্ট করার বিষয়ে নীতিমালা তৈরিসহ প্রয়োজনীয় সুপারিশ প্রদানের জন্য একটি কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে রেজিস্ট্রার বরাবর একটি পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৫) শুদ্ধাচার সংক্রান্ত ভিডিও ক্লিপ তৈরি, টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার |

| ক্রম নং | আলোচনার বিষয় | আলোচনা | ভবিষ্যৎ পরিকল্পনা |
| --- | --- | --- | --- |
| | | | পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করার বিষয়ে পরামর্শ প্রদান করার জন্য গঠিত কমিটিকে অতি দ্রুত সুপারিশ প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। উক্ত কমিটির সুপারিশের ভিত্তিতে ৩০.১১.২০২২ তারিখে মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত ২/৫ মিনিটের অন্তত: ২ টি ভিডিও ক্লিপ তৈরি করার জন্য মিডিয়া বিভাগকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। (৬) দুর্নীতি ও শুদ্ধাচার সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির জন্য ইতোপূর্বে বিভিন্ন স্কুল, বিভাগ, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্র হতে সংগৃহীত এবং বাছাইকৃত বানী, স্লোগানসমূহ সংগ্রহ শাখা ও পিপিডিকে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। পিপিডি বিভাগ এবং সংগ্রহ শাখাকে বাছাইকৃত বানী, স্লোগানসমূহ বাউবির বিভিন্ন স্কুল, বিভাগ, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের উপযুক্ত স্থানে টাঙ্গানোর/প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দায়িত্ব প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

NAkht
২৫/১০/২০২২
নাজনীন আখতার
যুগ্ম-পরিচালক (কাউন্সিল)
ও
সদস্য-সচিব, শুদ্ধাচার কমিটি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

২৫/১০/২০২২
অধ্যাপক মোস্তফা আজাদ কামাল
ট্রেজারার ও ডিন, স্কুল অব বিজনেস
এবং
সভাপতি, শুদ্ধাচার কমিটি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।